

## ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

তারিখ  
বাংলাদেশ ব্যাংক

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

বিআরপিডি সার্কুলার নং-১২

২৫ আগস্ট, ২০০৫

তারিখ :

১০ ভদ্র, ১৪১২

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

### ব্যাংক এন্সিপি ব্যাংক রেজিস্ট্রেশন (CRR) চিঠি

মুদ্রানীতির উদ্দেশ্য পূরণকল্পে তফসিলী ব্যাংকসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে নগদ জমা সংরক্ষণের হার (CRR) তাদের মোট মেয়াদী ও তলবী দায় এর ন্যূনতম শতকরা ৪.৫(সাড়ে চার) ভাগ থেকে বৃদ্ধি করে শতকরা ৫(পাঁচ) ভাগে নির্ধারণ করা হয়েছে। ব্যাংকসমূহকে দ্বি-সাঞ্চাহিক ভিত্তিতে গড়ে দৈনিক ৫% হারে নগদ জমা সংরক্ষণ করতে হবে; তবে কোন দিনই এ সংরক্ষণের হার ৪% এর কম হবে না।

৫% হারে নগদ জমা সংরক্ষণ সংক্রান্ত উপরোক্ত নির্দেশনা ০১ অঞ্চের, ২০০৫ থেকে কার্যকর হবে। এতদ্সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের ২৫ আগস্ট, ২০০৫ তারিখের বিআরপিডি(পি)৬৮৩/২০০৫-২৯৯৭ নম্বর প্রজ্ঞাপন আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য এতদ্সংগে সংযোজিত হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক।

( নব গোপাল বণিক)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৭১১৭৮২৫

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
চাকা।

নং- বিআরপিডি(পি)৬৮৩/২০০৫-২৯৯৭

২৫ আগস্ট, ২০০৫  
তারিখ : -----  
১০ ভদ্র, ১৪১২

প্রজ্ঞাপন

বাংলাদেশ ব্যাংক আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের রাষ্ট্রপতির আদেশ নং- ১২৭) এর ৩৬(১) ধারা অনুসারে বাংলাদেশে অনুমতিপ্রাপ্ত সকল তফসিলি ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকে ক্যাশ রিজার্ভ রাখার যে বিধান রহিয়াছে উহার পরিমাণ উক্ত আদেশে প্রদত্ত ক্ষমতাবলে শতকরা ৪.৫ (সাড়ে চার) ভাগ হইতে বৃক্ষি করিয়া শতকরা ৫ (পাঁচ) ভাগে নির্ধারণ করা হইল।

০২। এই আদেশ ০১ অক্টোবর, ২০০৫ হইতে কার্যকর হইবে।

স্বাক্ষরিত/-

(মোঃ নজরুল হুদা )

ডেপুটি গভর্নর